**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 15-03-2026** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : Sudip B.**
**DEO: KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং আধুনিক পরিকাঠামো, বিকশিত বাংলার ভিত্তি স্থাপন করবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। # কলকাতায় গতকাল তিনি রাজ্যের জন্য ১৮ হাজার ৭০০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

২/ ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে বিজেপির ‘পরিবর্তন সংকল্প সভা’য় প্রধানমন্ত্রী বলেছেন, আসন্ন বিধানসভা নির্বাচন, বাংলার অস্তিত্ব রক্ষার লড়াই।

৩/ কলকাতার গিরিশ পার্কে সংঘর্ষ-এর ঘটনায় কলকাতা পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। #ওই ঘটনায় আট পুলিশ কর্মী সহ মোট ২০ জন আহত হয়েছেন।

৪/ জরুরী রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আজ আরও এক দফায় বন্ধ রয়েছে।

৫/ নিম্নচাপ অক্ষরেখা ও জলীয় বাষ্পের প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বৃষ্টির পূর্বাভাস।

৬/ ISL ফুটবলে ইস্টবেঙ্গল ও কেরালা ব্লাস্টার্স-এর মধ্যে খেলাটি গতকাল এক-এক গোলে শেষ হয়েছে। # অন্যম্যাচে, বেঙ্গালুরুতে মোহনবাগান সুপার জায়য়ান্ট এবং বেঙ্গালুরু এফ সি-র খেলাটি গোলশূণ্যভাবে শেষ হয়েছে।

***********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং আধুনিক পরিকাঠামো, বিকশিত বাংলার ভিত্তি স্থাপন করবে। গতকাল কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ড থেকে ১৮ হাজার ৭০০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন তিনি। এর মধ্যে রয়েছে সড়ক পরিবহণ, রেল, বন্দর ও জাহাজ চলাচল ইত্যাদি একাধিক প্রকল্প। এই কর্মসূচি পূর্ব ভারত ও পশ্চিমবঙ্গের উন্নয়নের নতুন অধ্যায় সূচনা করবে  বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শ্রী মোদী। প্রশাসনিক সভার মঞ্চ থেকে তিনি বলেন, এই প্রকল্পগুলি বাস্তবায়িত হলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে, যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে এবং লক্ষ লক্ষ মানুষের জীবনযাত্রা আরও সহজ হবে।

( বাইট- মোদী/ বিকশিত বাংলা )

প্রধানমন্ত্রী বলেন, পূর্ব ভারতের বন্দর এবং জলপথের সম্ভাবনাকে কাজে লাগিয়ে, বাণিজ্য, শিল্প ও পর্যটনের নতুন দিগন্ত খুলে দেওয়ার চেষ্টা চলছে।

উল্লেখ্য, আজকের অনুষ্ঠানে প্রায় ১৬ হাজার ৯৯০ কোটি টাকা ব্যয়ে ৪২০ কিলোমিটার দীর্ঘ একাধিক জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করা হয়েছে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের ১৯ নম্বর এবং পশ্চিমবঙ্গের ১১৪ নম্বর জাতীয় সড়কের বিভিন্ন অংশ। খড়্গপুর–মোরগ্রাম অর্থনৈতিক করিডরের ২৩১ কিলোমিটার দীর্ঘ চার-লেন প্রকল্পের পাঁচটি প্যাকেজের শিলান্যাস করেন প্রধানমন্ত্রী। এই করিডর, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, হুগলি, পূর্ব বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদ জেলার উপর দিয়ে যাবে।

************************

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচন, বাংলার অস্তিত্ব রক্ষার লড়াই বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। ব্রিগেড ময়দানে বিজেপির 'পরিবর্তন যাত্রা' কর্মসূচির সমাপ্তি উপলক্ষে আয়োজিত পরিবর্তন সংকল্প সভায় তিনি বলেন, এই নির্বাচন শুধুমাত্র সরকার বদলের নির্বাচন নয়, বাংলার আত্মাকে বাঁচানো, প্রশাসনের পরিবর্তন, কাটমানি থেকে রেহাই এবং ভয় থেকে মুক্তির নির্বাচন।

( বাইট- PM TMC )

মুখ্যমন্ত্রী তোষণের রাজনীতি করছেন বলে অভিযোগ করে শ্রী মোদী বলেন, কোনো একটি সম্প্রদায় ঘিরে ধরে অন্য সম্প্রদায়ের মানুষকে শেষ করে ফেলতে পারে বলে মুখ্যমন্ত্রী যে মন্তব্য করেছেন তা অত্যন্ত নিন্দনীয় এবং সংবিধান বিরোধী। বাংলায় বিজেপি ক্ষমতায় এলে কড়ায় গণ্ডায় এর হিসেব নেওয়া হবে। প্রধানমন্ত্রীর অভিযোগ, রাজ্যের শাসক দল নিজেদের শক্তি বৃদ্ধি করতে অনুপ্রবেশকারীদের মদত দিচ্ছে। এদের জন্য বাংলার মানুষের খাদ্য, জমি এবং বিশেষ করে মহিলারা বিপদে রয়েছেন। এরা বাংলার মানুষের রোজগার কেড়ে নিচ্ছে। রাজ্যের বেশিরভাগ এলাকায় জনবিন্যাসের পরিবর্তন ঘটছে। এই অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকায় রাখার জন্য তৃণমূল কংগ্রেস SIR-এর বিরোধিতা করছে।

( বাইট- PM ডেমোগ্রাফি )

দলীয় সমর্থকরা যাতে ব্রিগেডে না আসতে পারে তার জন্য তৃণমূল কংগ্রেস সরকার ব্রিজ বন্ধ করে দিয়েছে, গাড়ি আটকে দিয়েছে বলেও প্রধানমন্ত্রীর অভিযোগ। রাজ্য সরকারের পতনের বিউগল বেজে গেছে এবং এই নির্মম সরকারের পতন অনিবার্য বলে তিনি মন্তব্য করেন। দুর্নীতি ইস্যুতে তৃণমূলকে নিশানা করে প্রধানমন্ত্রী বলেন, চা-বাগানের শ্রমিকদেরও কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা দিতে দেয় না শাসকদল। আবাস যোজনা, জলজীবন মিশন, আয়ুষ্মান ভারত, PM কিষাণ- সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা থেকে রাজ্যের মানুষকে শাসক দল বঞ্চিত করেছে। কাটমানি না পাওয়া পর্যন্ত তারা কোন জনকল্যাণমূলক প্রকল্পকে মানুষের কাছে পৌঁছতে দেয় না বলেও অভিযোগ করেন শ্রী মোদী। তিনি বলেন, কাজ না থাকায় যুবরা রাজ্য ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হচ্ছে। অথচ এরাই হল রাজ্যের মূল চালিকা শক্তি। তিনি বলেন, এরাজ্যে মহিলারা সুরক্ষিত নন। তাঁরা নিয়মিত নিগ্রহের শিকার হচ্ছেন।

*************************

প্রধানমন্ত্রী গতকাল ‘অমৃত ভারত স্টেশন’ প্রকল্পের অধীনে পুনর্নির্মিত ছয়টি রেল স্টেশনের উদ্বোধন করেন। এগুলি হল- কামাখ্যাগুড়ি, আনারা, তমলুক, হলদিয়া, বরাভূম ও সিউড়ি। পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ

তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করেন তিনি।

পুরুলিয়া থেকে নতুন দিল্লির আনন্দ বিহার টার্মিনাল পর্যন্ত নতুন একটি এক্সপ্রেস **ট্রেন পরিষেবার**’ও গতকাল সূচনা হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গের পাশাপাশি ঝাড়খণ্ড, বিহার, উত্তরপ্রদেশ এবং দিল্লির সঙ্গে যোগাযোগ আরও সহজ হবে।

************************

প্রধানমন্ত্রী ২০১৪ সালে নির্বাচনের আগে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই সমস্ত প্রতিশ্রুতি পূরণ হয়নি বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। ভুল বিদেশ নীতির কারণে দেশে রান্নার গ্যাসের সংকট বলে সামাজিক মাধ্যমে মন্তব্য করেন প্রদেশ কংগ্রেস সভাপতি।

************************

গিরিশ পার্কে বিজেপি ও তৃণমূলের কর্মীদের সংঘর্ষের ঘটনায় কলকাতা পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। ঘটনায় কেন্দ্রীয় বাহিনীকে কেন কাজে লাগানো হয়নি, তাও জানতে চাওয়া হয়েছে।

উল্লেখ্য, ব্রিগেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভায় বিজেপি কর্মীদের যাওয়ার সময় গিরিশ পার্কে সঙ্ঘর্ষের ঘটনায় এখনও পর্যন্ত ৪ জনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে বরাহনগরের ৩ বিজেপি কর্মী রয়েছেন। বাড়ি ভাঙচুর এবং হামলার অভিযোগ করলেও শশী পাঁজা থানায় কোন অভিযোগ দায়ের করেননি। স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করেছে কলকাতা পুলিশ। গতকাল সন্ধেয় শশী পাঁজার বাড়িতে যান ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়, কিছুক্ষণ মন্ত্রীর বাড়িতে থেকে, বেরিয়ে যান তিনি। তারপরই পুলিশের তরফে মামলা দায়ের হয়। অশান্তির ঘটনায় আট পুলিশকর্মী জখম হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। দু’পক্ষের বেশ কয়েকজন কর্মী সমর্থকও আহত হয়েছেন। বিজেপির উত্তর কলকাতা জেলার সভাপতি তমোঘ্ন ঘোষ ইটের ঘায়ে আহত হয়ে হাসপাতালে ভর্তি।

এদিকে দলীয় কর্মীদের গ্রেফতারের প্রতিবাদে গতরাতে সজল ঘোষের নেতৃত্বে থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপি। ব্রিগেডমুখী বাসে হামলার তীব্র নিন্দা করেছে বিজেপি। দলের প্রাক্তন রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, রাজ্যের মন্ত্রীর নির্দেশেই তাঁর ঘনিষ্ঠরা এই হামলার সঙ্গে জড়িত। ব্রিগেডে মানুষের ঢল দেখে আতঙ্কিত হয়েই এই আক্রমণ বলে তিনি উল্লেখ করেন।

( বাইট- সুকান্ত )

কলকাতার একটি হাসপাতালে আহত দলীয় কর্মিদের দেখতে যান সুকান্ত বাবু।

এদিকে গতকাল সাংবাদিক বৈঠকে মন্ত্রী শশী পাঁজা বলেন, নজিরবিহীনভাবে রাজ্যের মন্ত্রীর উপর হামলা হয়েছে। মহিলারাও হামলা থেকে বাদ যাচ্ছেন না।

*************************

দেশে কোনো খুচরো বিক্রয় কেন্দ্রে তেলের অভাব নেই বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানিয়েছেন। তিনি বলেছেন, দেশে পর্যাপ্ত পরিমাণে LPG, ডিজেল, পেট্রোল ও অপরিশোধিত তেল মজুত রয়েছে।

LPG সিলিন্ডার বুক করা নিয়ে জনগনকে অযথা আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, প্রয়োজন অনুযায়ী গ্যাস গ্যাস বুক করতে হবে। ২৯ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য বাণিজ্যিক সিলিন্ডার দেওয়ার কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। সিলিন্ডারের কালোবাজারি রুখতে বিভিন্ন রাজ্যগুলি বিশেষ অভিযান চালাচ্ছে।

*************************

রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে কুইন্টাল প্রতি ৯৫০ টাকা দামে আলু কেনার কাজ শুরু করেছে। গত পয়লা মার্চ থেকে হিমঘর গুলিতে আলু সংরক্ষণ প্রক্রিয়া শুরু হওয়ার পরে এখনো পর্যন্ত মাত্র বারো শতাংশ আলু সংরক্ষণ করা হয়েছে বলে সম্প্রতি নবান্ন থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। পাশাপাশি হিমঘরগুলিতে ধারণক্ষমতার তিরিশ শতাংশ স্থান ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে। রাজ্যের হিমঘরগুলিতে ৮২ লক্ষ ম্যাট্রিক টন আলু রাখার ধারণ ক্ষমতা রয়েছে।

উল্লেখ্য, আলুর ফলন ভালো হওয়ার কারণে, এবার উপযুক্ত দাম তারা পাচ্ছেন না বলে কৃষকদের অভিযোগ। পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণায় রাঙ্গামাটি গ্রামে রাখাল আড়ি নামে এক ভাগচাষী সম্প্রতি আত্মঘাতী হন। স্ত্রীর গয়না বন্দক রেখে তিনি আলুচাষ করেছিলেন।

************************

জরুরি রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আজ আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সকাল ছটা থেকে সন্ধ্যে ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে।

************************

রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে আজ ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে ওই ডিভিশনের বিভিন্ন সেকশনে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। হাওড়া থেকে ১৬’টি, বর্ধমান থেকে ৮ টি, ব্যান্ডেল থেকে ৬’টি, কাটোয়া থেকে ৩’টি, আসানসোল, চন্দনপুর থেকে ২’টি করে এবং অন্ডাল, আজিমগঞ্জ, শিয়ালদা, মেমারি, পান্ডুয়া ও শেওড়াফুলি থেকে ১টি ট্রেন বাতিল থাকবে।

************************

নিম্নচাপ অক্ষরেখা এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় আজ থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। আগামীকাল পশ্চিমের জেলাগুলিতে এর গতিবেগ বাড়বে। কোন কোন জেলায় কালবৈশাখীর সম্ভাবনা থাকছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে তিন ডিগ্রি বেশি। আজ থেকে মেঘলা আকাশ ও বৃষ্টির কারণে দিনের তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে।

************************

যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ISL ফুটবলে ইস্টবেঙ্গল ও কেরালা ব্ল্যাস্টার্সের মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ১০ মিনিটে পেনাল্টি থেকে ইউসুফ এজেদারির দেওয়া গোলে বিরতিতে ইস্টবেঙ্গল ১-০ এগিয়ে ছিল।

বেঙ্গালুরুর কান্তিরাভা ষ্টেডিয়ামে অন্য ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, বেঙ্গালুরু এফসি-র মধ্যের খেলাটি গোলশূণ্যভাবে শেষ হয়েছে।

******************************************************************